Total No. of Printed Pages—7

**HS/XII/A/b/23**

**2 0 2 3**

**BENGALI ( ELECTIVE )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘‘কনক-আসনে বসি দশানন _____ -’’

( রাজা / বলী / বীর )

(খ) ‘‘ভারতবর্ষে পাঠানেরা _____ বৎসর রাজত্ব করেছিলেন।’’

( ৩৭২ / ৪৭২ / ৫৭২ )

(গ) ‘‘যাহারা তোমার বিষাইছে _____, নিভাইছে তব আলো,’’
( আলো / বায়ু / জল )

(ঘ) বিজয়গুপ্ত _____ রচনা করেছিলেন।
( ‘শ্রীকৃষ্ণবিজয়’ / ‘মনসামঙ্গল’ / ‘চণ্ডীমঙ্গল’ )

(ঙ) বঙ্কিমচন্দ্র বলেছেন, ‘‘সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার _____।’’
( জটিলতা / সরলতা / উপমা )

(চ) ‘‘ছিন্ন হৈল _____, শূন্য হৈল শিবগেহ।’’
( মস্তক / দেহ / হস্ত )

(ছ) ‘চর্যাপদ’ গ্রন্থটি _____ বঙ্গাব্দে আবিস্কৃত হয়।
( ১২২৩ / ১৩২৩ / ১৪২৩ )

(জ) ‘‘অন্নপূর্ণা উত্তরিলা _____ তীরে।’’
( যমুনার / গাঙ্গিনীর / গোদাবরী )

২। সত্য *অথবা* মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে-কোন **দশটি**) : ১×১০=১০

(ক) মুকুন্দরাম চক্রবর্তী ‘মনসামঙ্গল’ কাব্য রচনা করেন।

(খ) উদয়াদিত্য যশোরের যুবরাজ।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধে ২০টি নির্দেশ দিয়েছেন।

(ঘ) কালকেতু ‘ধর্মমঙ্গল’-এর চরিত্র।

(ঙ) শ্রীরামের পাদুকা ভরত শিরে ধারণ করেছিলেন।

(চ) 'ভালোবাসার অত্যাচার' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি ছোটগল্প।

(ছ) 'প্রশ্ন' কবিতার কবি রবীন্দ্রনাথ ঠাকুর।

(জ) 'প্রায়শ্চিত্য' নাটকটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'বৌ-ঠাকুরাণীর হাট' উপন্যাসের নাট্যরূপ।

(ঝ) সুরমা উদয়াদিত্যের কন্যা।

(ঞ) 'দশাননের বিলাপ' মাইকেল মধুসূদন দত্তের লেখা।

(ট) 'সতীশূন্য কৈলাস' কবিতাটি সনেট পর্যায়ের।

(ঠ) চণ্ডীদাসের 'পূর্বরাগ' কবিতায় শ্রীরাধার পূর্বরাগের উল্লেখ আছে।

৩। সঠিক বিকল্পটি বেছে নিয়ে উত্তর লেখ (যে-কোন **দশটি**) : ১×১০=১০

(ক) ভারতচন্দ্র রায় কার আদেশে 'অন্নদামঙ্গল' কাব্য রচনা করেন?
( রাজা কৃষ্ণচন্দ্রের / রাজা রামকৃষ্ণের / হরিশচন্দ্রের )

(খ) 'শূন্যপুরাণ' কে রচনা করেন?
( শ্যাম পণ্ডিত / রামাই পণ্ডিত / রাম পণ্ডিত )

(গ) বৈষ্ণব পদাবলীর প্রথম পদকর্তা কে?
( বিদ্যাপতি / জয়দেব / চণ্ডীদাস )

(ঘ) দৌলত কাজী কোন্ শতাব্দীর কবি ছিলেন?
( পঞ্চদশ / ষষ্ঠদশ / সপ্তদশ )

(ঙ) বামী কার পরিচারিকা ছিলেন?

( বিভার / রাজপরিবারের / প্রতাপাদিত্যের মহিষীর )

(চ) ‘‘রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, পুত্র জন্মায় না।’’ উক্তিটি কার?

( সুরমা / উদয়াদিত্য / ধনঞ্জয় )

(ছ) ধনঞ্জয় বৈরাগী কোথায় থাকেন?

( শীতলপুর / মাধবপুর / লক্ষ্মীপুর )

(জ) ‘বিবিধ প্রবন্ধ’-এর রচয়িতা কে?

( রবীন্দ্রনাথ / বঙ্কিমচন্দ্র / শরৎচন্দ্র )

(ঝ) ‘‘আচ্ছা ঠাকুর, তুমি কোথায় চলেছ বলো দেখি’’—এখানে ‘ঠাকুর’ কে?

( ধনঞ্জয় / বসন্তরায় / প্রতাপাদিত্য )

(ঞ) ‘মনসামঙ্গল’-এ লখীন্দরের স্ত্রী কে?

( বেহুলা / সনকা / ফুল্লরা )

(ট) ‘‘আবার আসিব ফিরে ধানসিড়িটির তীরে–’’ এখানে ‘ধানসিড়ি’ কি?

( নদী / পাহাড় / গুহা )

(ঠ) ‘‘যে মোরে আপন ভাবে তারি ঘরে যাই।’’ বক্তা কে?

( দেবী চণ্ডী / ঈশ্বরী পাটনী / দেবী অন্নপূর্ণা )

SECTION—II

( *Marks* : 25 )

৪। যে-কোন **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৫=২৫

(ক) ‘‘কাহারও অনুকরণ করিও না।’’ কোন্ রচনার অংশ? লেখকের নাম লেখ। অনুকরণ করার ত্রুটিগুলি লেখ। ১+১+৩=৫

(খ) চর্যাপদ কি? এর ভাষাকে কি ভাষা বলা হয়? এটি কে, কোথা থেকে আবিষ্কার করেন? ১+১+১+২=৫

(গ) তোমার পঠিত ‘পূর্বরাগ’ কবিতাটি কার লেখা? এটি কোন্ পর্যায়ের কবিতা? পূর্বরাগ বলতে কী বোঝ? ১+১+৩=৫

(ঘ) ‘প্রায়শ্চিত্য’ নাটকানুসারে পরস্পরের সম্পর্ক নির্ণয় কর : ৫

(১) প্রতাপাদিত্য এবং বিভা

(২) প্রতাপাদিত্য এবং উদয়াদিত্য

(৩) সুরমা এবং উদয়াদিত্য

(৪) প্রতাপাদিত্য এবং বসন্তরায়

(৫) বিভা এবং রামচন্দ্র

(ঙ) ‘প্রায়শ্চিত্য’ নাটকের অঙ্ক সংখ্যা কত? বিদূষক কী বেশে যশোর রাজের অন্তঃপুরে প্রবেশ করেছিল? $২\frac{১}{২}+২\frac{১}{২}=৫$

(চ) দশানন কে এবং কোথাকার রাজা? কার শোকে তিনি বিলাপ করছেন, অল্প কথায় তা বর্ণনা কর। ১+১+৩=৫

(ছ) ‘মঙ্গলকাব্য’-এর পাঁচটি বৈশিষ্ট্য লেখ। ৫

( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে-কোন **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ‘‘সই কেবা শুনাইল শ্যাম নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ॥’’

(খ) ‘‘মিথ্যা অনুযোগ কেন কর বিমাতায়।
বনে আসিলাম আমি পিতার আজ্ঞায়॥’’

(গ) ‘‘আমাদের ক্ষুধার অন্ন তোমার নয়। যিনি আমাদের প্রাণ দিয়েছেন এ অন্ন যে তাঁর, এ আমি তোমাকে দিই কী বলে?’’

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) সাহিত্যের উন্নতির জন্য বঙ্কিমচন্দ্র নব্য লেখকদের প্রতি যা যা নির্দেশ দিয়েছেন, তা নিজের ভাষায় লেখ।

(খ) ‘ভালোবাসার অত্যাচার’ প্রবন্ধটির বক্তব্য তোমার নিজের ভাষায় লেখ।

(গ) ‘‘ভারতবর্ষীয়দিগের যে ইতিহাস নাই’’— এ বিষয়ে বঙ্কিমচন্দ্র যে কারণ দেখিয়েছেন তা নিজের ভাষায় লেখ।

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আবার আসিব ফিরে' কবিতাটি কার লেখা? কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? কবি এই বাংলায় বারবার কেন ফিরে আসতে চেয়েছেন? ১+১+৮=১০

(খ) 'প্রশ্ন' কবিতাটি কার লেখা? কবি কাকে প্রশ্ন করেছেন? কোন্ কোন্ বিষয়ের উল্লেখ করে কবি প্রশ্ন করেছেন তা আলোচনা কর। ১+১+৮=১০

(গ) 'সতীশূন্য কৈলাস' কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর। ১০

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বিভা *অথবা* সুরমা যে কোনো একজনের চরিত্র বিশ্লেষণ কর। ১০

(খ) ''তলোয়ারে শত্রুকে জয় করা যায়, কিন্তু সংগীতে শত্রুকে মিত্র করা যায়।'' উক্তিটি কার, কোন্ নাটকের অংশ? কোন্ প্রসঙ্গে একথাটি বলা হয়েছে? বক্তব্যটির সার্থকতা বিচার কর। ১+১+৩+৫=১০

(গ) 'প্রায়শ্চিত্য' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর। ১০

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+৯=১২

(খ) শাক্তপদাবলীর শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোন্ শতাব্দীর পদকর্তা? 'শাক্তপদাবলী' কয়টি ধারায় বিভক্ত এবং কি কি? এগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২+৮=১২

(গ) যে-কোন **দুটি** বিষয় অবলম্বন করে টীকা লেখ : ৬+৬=১২

আগমনী ও বিজয়া ; চর্যাপদ ; মুকুন্দরাম চক্রবর্তী ; কাশীরাম দাস ; কৃত্তিবাস ওঝা ; ভারতচন্দ্র ; সৈয়দ আলাওল।

★★★